সংবাদ

তারিখ ... 24 MAR ২০০৯ ...
পৃষ্ঠা ... ১৪ কলাম ... ৪ ...

# ২০১৭ সালের মধ্যে দেশকে নিরক্ষরমুক্ত হবে : শিক্ষামন্ত্রী

সিলেট অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রযুক্তি, জ্ঞান ও বিজ্ঞান মানুষের দোর গোড়ায় পৌছে দেয়াই হচ্ছে ডিজিটাল বাংলাদেশের অঙ্গীকার। ২০১১ সালের মধ্যে সব শিশুকে স্কুলের আওতায় নিয়ে ঝরেপড়া রোধ করা হবে। ২০১৭ সালের মধ্যে বাংলাদেশকে নিরক্ষরমুক্ত করা হবে। রোববার বিকেল ৪টায় জেলা পরিষদ মিলনায়তনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) সিলেট জেলা শাখার উদ্যোগে আয়োজিত সংবর্ধনা সভায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির জেলা সভাপতি বদরুল ইসলাম সোয়েবের সভাপতিত্বে ও সোয়েব আহমদের পরিচালনায় সংবর্ধনা সভায় মন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার শিক্ষকদের ন্যায্য দাবি-দাওয়ার ব্যাপারে আন্তরিক। পর্যায়ক্রমে তাদের সব দাবি পূরণ করা হবে। তিনি বলেন, শিক্ষকদের দাবি বাস্তবায়নে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। শিক্ষা ক্ষেত্রে পরিবর্তনের লক্ষ্যে সরকার অতি দ্রুত শিক্ষানীতি প্রণয়ন করবে। কারিগরি ও উচ্চশিক্ষার পরিবর্তনের ক্ষেত্রেও ব্যবস্থা নেয়া হবে। সংবর্ধনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সালেহ উদ্দিন আহমদ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আবদুল আউয়াল, সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. এসএম আবদুল খালেক, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মনিরুজ্জামান, গোলাপগঞ্জ উপজেলা চেয়ারম্যান এডভোকেট ইকবাল আহমদ চৌধুরী, ভাইস চেয়ারম্যান হুমায়ূন ইসলাম কামাল, নাজিরা বেগম শীলা, সিলেট সিটি কাউন্সিলর সালেহ আহমদ সেলিম, গোলাপগঞ্জ পৌর মেয়র জাকারিয়া আহমদ পাপলু প্রমুখ। এর আগে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সিলেট শিক্ষা বোর্ডের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।